প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

তারিখঃ নভেম্বর ৫, ২০২৬

প্রধান নির্বাহী আবশ্যক

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রে প্রধান নির্বাহী পদে নিয়োগের জন্য নিম্নোক্ত শর্তে উপযুক্ত বাংলাদেশী সৎ, নিষ্ঠাবান, আন্তরিক, সময়ানুবর্তি ও কঠোর পরিশ্রমী নাগরিকদের নিকট হতে জরুরী ভিত্তিতে আবেদনপত্র আহবান করা হচ্ছে। প্রশিকা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজ সেবা অধিদপ্তরের সাথে নিবন্ধিত (নিবন্ধন নং: ঢ-০১০০৭১), মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সনদপ্রাপ্ত (এমআরএ সনদ নং: ০০১৫২-০৩-১৩৫-০০৬০০), রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস (নিবন্ধন নং: S-৫৬৩/১৯৭৬-১৯৭৭) ও NGO Affairs Bureau নিবন্ধিত (নিবন্ধন নং: ১৪৯) এবং প্রশিকা পিকেএসএফ-এর একটি সহযোগী সংস্থা।

বিঃ দ্রঃ ইতঃপূর্বে ২৮.০৮.২০২৬ তারিখে প্রশিকার ওয়েবসাইটে ও ২৯.০৮.২০২৬ তারিখে দৈনিক প্রথম আলো, The Financial Express পত্রিকায় এবং "বিডিজব্স-এর হটজব্স"-এ প্রকাশিত প্রধান নির্বাহী নিয়োগের বিজ্ঞপ্তিটি বাতিল করা হয়েছে। ঐ নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যারা আবেদন করেছিলেন তাদের মধ্যে যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা এই নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক পুনরায় আবেদন করতে পারবেন।

পদের নাম	ঃ	**প্রধান নির্বাহী**, পদ সংখ্যা ঃ ০১।
দায়িত্ব	ঃ	• প্রতিষ্ঠানের রূপকল্প ও লক্ষ্য নির্ধারণ করার পাশাপাশি দীর্ঘমেয়াদি কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করা। • বার্ষিক বাজেট প্রণয়ন, অর্থের উৎস তৈরি, অনুদান ও তহবিল সংগ্রহ, অর্থের সঠিক ব্যবহার এবং আর্থিক স্বচ্ছতার জবাবদিহিতা নিশ্চিত করা। • প্রশাসনিক ও মানবসম্পদ ব্যবস্থাপনায় দক্ষ কর্মী নিয়োগ ও মূল্যায়ন, কর্মীদের দিকনির্দেশনা প্রদান, অভ্যন্তরীণ নীতিমালা বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা। • প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করা এবং দাতা ও অংশীদারদের সাথে যোগাযোগ রক্ষা, জনসচেতনা সৃষ্টি এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে কার্যকর সম্পর্ক বজায় রাখা। • কর্মীদের প্রশিক্ষণ, দক্ষতা ও উন্নয়নে যুগোপযোগী পরিকল্পনা গ্রহণ। • প্রকল্প গ্রহণ, প্রকল্পের মান যাচাই এবং নতুন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা। • পর্ষদের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করা।
শিক্ষাগত যোগ্যতা	ঃ	স্নাতকোত্তর পাশ হতে হবে। শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না।
বেতন/ভাতা	ঃ	আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে।
চাকুরির ধরন	ঃ	চুক্তিভিত্তিক। প্রাথমিক অবস্থায় ১(এক) বছরের জন্য চুক্তিভিত্তিক হিসেবে নিয়োগ প্রদান করা হবে। সন্তোষজনকভাবে ১(এক) বছর অতিক্রান্ত হওয়ার পর চাকুরি স্থায়ী করা হবে। চাকুরি স্থায়ী হলে সংস্থার নীতিমালা অনুযায়ী সকল সুযোগ-সুবিধা প্রদান করা হবে।
প্রার্থীর বয়স	ঃ	আবেদনকারীর বয়স ০১.০৭.২০২৬ তারিখে সর্বোচ্চ ৫৫ বছর। তবে অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
অভিজ্ঞতা	ঃ	ক) অন্যূন ৫ম গ্রেডের সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ (সামরিক/বেসামরিক) প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতা, অথবা খ) বেসরকারি সুপ্রতিষ্ঠিত জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ের এনজিও অথবা আর্থিক প্রতিষ্ঠান অথবা ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক/উপ-নির্বাহী পরিচালক/পরিচালক/হেড অব মাইক্রোফাইন্যান্স/এমডি/ডিএমডি/ SVP/ CFO/সমমান কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা।
কর্মস্থল	ঃ	প্রশিকা কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা। তবে নিয়মিত মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনে যেতে হবে।

আবেদন করার নিয়মাবলিঃ

আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রের সথে একটি পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সংযোজন করতে হবে। সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং ২জন বিশিষ্ট পরিচয়দানকারী ব্যক্তির নাম, যোগাযোগের ঠিকানা, মোবাইল/ফোন নম্বর উল্লেখসহ আবেদনপত্র **নভেম্বর ২০, ২০২৬** তারিখের মধ্যে সভাপতি, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬ এই ঠিকানায় ডাক/কুরিয়ার সার্ভিস/সরাসরি/ই-মেইলের chair@proshikabd.com মাধ্যমে প্রেরণ করতে হবে। প্রাথমিক বাছাইকৃত প্রার্থীগণকে সাক্ষাতকারের জন্য বিবেচিত হলে স্থান, তারিখ ও সময় আবেদনপত্রে উল্লেখিত মোবাইল নম্বরে/ই-মেইল আইডির মাধ্যমে জানানো হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রশিকার পরিচালনা পর্ষদ কর্তৃক এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, যেকোনো সিদ্ধান্ত গ্রহণ, পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা রাখে। নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং আবেদনপত্র বাতিল করা হবে। এই নিয়োগ বিজ্ঞপ্তিটি proshikabd.com ওয়েবসাইটে পাওয়া যাবে।